দৈনিক ইত্তেফাক

তারিখ ...12 JUL 1996...
পৃষ্ঠা ১০ কলাম ৭

## হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষের অপসারণ দাবী

বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ইনডোর হাসপাতাল বন্ধ ও ছাত্র বেতন বৃদ্ধির প্রতিবাদে এবং কলেজের অধ্যক্ষের অপসারণের দাবীতে গতকাল বৃহস্পতিবার একসভা কলেজ ছাত্র সংসদের ভিপি শাহাবউদ্দিন আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ডাঃ আলমগীর মতি, ডাঃ এম, এ, কাদের, ডাঃ স্বপন কুমার চক্রবর্তী, ইস্কান্দর সাইদ পিন্টু, বায়েজিদ ঠাকুর প্রমুখ বক্তৃতা করেন। বক্তাগণ কলেজকে ধ্বংসের হাত হইতে বাঁচাইবার জন্য অনতিবিলম্বে কলেজের অধ্যক্ষকে অপসারণের জন্য ম্যানেজিং কমিটিসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানান।

—প্রেস বিজ্ঞপ্তি